গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা
www.dss.brahmanpara.comilla.gov.bd

স্মারক নং-৪১.০১.১৯১৫.০০০.১১.০০১.২৬- ৯৮৯

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

# ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬
# শুমারিকালীন স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬ এর আলোকে দেশব্যাপী আগামী ০১ লা আগস্ট ২০২৬ হতে ১৪ই সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে ব্রাহ্মণপাড়া উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার সেচ্ছাসেবী নিয়োজিত করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | তথ্য সংগ্রকারী | ক) ন্যুনতম এইচএসসি (HSC) বা সমমান পাস<br>খ) বয়স: ১৮ থেকে ৪০ বছর (শুমারি তারিখে)<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী-৫০%<br>খ) স্নাতক বা তদুর্ধ্ব ডিগ্রিধারী<br>গ) পূর্বে BBS জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি বা আধা সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ<br>খ) জাতীয় পরিচয়পত্রের কপি<br>গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ কপি রঙ্গিন ছবি।<br>ঘ) দক্ষতা - অভিজ্ঞতার সনদ (যদি থাকে)<br>ঙ) স্থায়ী বাসিন্দা মর্মে সনদপত্রের অনুলিপি |
| ০২ | সুপারভাইজার | ক) ন্যুনতম ব্যাচেলর ডিগ্রী (Bachelor Degree) বা সমমান পাস, বয়স: ২৫-৪৫<br>খ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা-পরীক্ষায় ৮০%+<br>গ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঘ) দলনেতৃত্ব, মৌখিক ওডিজিটাল যোগাযোগে দক্ষতা | দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব:<br>ক) প্রতিটি EA (গণনাকারী এলাকা) শারীরিকভাবে প্রতিদিন পরিদর্শন<br>খ) প্রতিটি EA (গণনাকারী এলাকা) এর ৫-১০% পরিবার পুনরায় যাচাই<br>গ) সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি বা আধা সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশন পরীক্ষায় ৮০% এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ<br>খ) জাতীয় পরিচয়পত্রের কপি<br>গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ কপি রঙ্গিন ছবি।<br>ঘ) দক্ষতা - অভিজ্ঞতার সনদ (যদি থাকে)<br>ঙ) স্থায়ী বাসিন্দা মর্মে সনদপত্রের অনুলিপি |

**আবেদন ফরম প্রাপ্তির স্থান:** উপজেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা হতে সরাসরি এবং উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা'র ওয়েবসাইট লিংক https://brahmanpara.comilla.gov.bd/ ও উপজেলা নির্বাহী অফিসারের ফেইসবুক লিংক https:// www.facebook.com/uno.brahmanpara ও www.dss.brahmanpara.comilla.gov.bd ও সকল ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া কুমিল্লায় আবেদন ফরম পাওয়া যাবে।

**আবেদন ফরম দাখিলের স্থান:** উপজেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণপাড়া, কুমিল্লায় নির্ধারিত সময়ের মধ্যে হাতে হাতে জমা দিতে হবে।

| আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | পরীক্ষা গ্রহণের তারিখ, সময় ও স্থান |
|---|---|---|
| ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৩/০৭/২০২৬ পর্যন্ত<br>সকাল: ০৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৫/০৭/২০২৬ পর্যন্ত<br>সকাল: ০৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা<br>ও ২৫/০৭/২০২৬ তারিখে দুপুর ২.০০ টা পর্যন্ত | পরবর্তীতে উপরোল্লিখিত ওয়েবসাইট, নোটিশ বোর্ড ও আবেদনকারীর মোবাইল ফোনে জানিয়ে দেওয়া হবে।<br>স্থান: উপজেলা পরিষদ অডিটরিয়াম, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা |

CamScanner

**শর্তাবলী:**

(১) তথ্য সংগ্রহকারী কর্তৃক শুমারি চলাকালীন নির্দেশনা মোতাবেক বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে;
(২) ফ্যামিলি কার্ড শুমারি চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে;
(৩) তথ্য-প্রযুক্তি (ট্যাবলেট/স্মার্টফোন-ওয়েব অ্যাপ্লিকেশন) ব্যবহারে দক্ষ হতে হবে;
(৪) তথ্য সংগ্রহের কাজে কোনো গাফিলতি করা যাবে না;
(৫) কোনোক্রমেই ভুল তথ্য বা পক্ষপাতমূলক তথ্য এন্ট্রি দেয়া যাবে না;
(৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক;
(৭) ট্যাবলেট সযত্নে সংরক্ষণ করতে হবে, অবহেলাজনিত কারণে ক্ষতি হয়েছে মর্মে প্রমাণিত হলে ক্ষতিপূরণ প্রযোজ্য;
(৮) কোনো পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেয়া বা ভয় দেখানো বা কোনো ধরনের বিনিময় (অর্থ, খাদ্য, উপহার গ্রহণ) সম্পূর্ণ নিষিদ্ধ;
(৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেয়া হবে;
(১০) তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণকে সরকার নির্ধারিত হারে প্রশিক্ষণ ভাতা ও সম্মানী প্রদান করা হবে;
(১১) রিজার্ভ তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহকারী হিসেবে মোতায়েন না হলে শুধু প্রশিক্ষণ ভাতা প্রযোজ্য;
(১২) রিজার্ভারদের নিজস্ব ট্যাবলেট প্রস্তুত থাকবে এবং প্রতি তিনদিন অন্তর উপজেলা/পৌরসভা কমিটিকে রিপোর্ট করতে হবে;
(১৩) কোনো অনিয়মের তথ্য পাওয়া গেলে কারণ দর্শানো ব্যতীত তথ্য সংগ্রহকারীকে অব্যাহতি প্রদান করা হবে ও আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে এবং
(১৪) সরকার কর্তৃক জারিকৃত ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা, ২০২৬, ফ্যামিলি কার্ড বাস্তবায়ন নীতিমালা, ২০২৬ ও সময় সময় জারিকৃত অন্যান্য নির্দেশনাবলী প্রযোজ্য ও অনুসরণীয় হবে।

২১/০৭/২৬

(তারেক রহমান)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, ব্রাহ্মণপাড়া,
কুমিল্লা

স্মারক নং-৪১.০১.১৯১৫.০০০.১১.০০১.২৬- ১৮৭

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৫৩, কুমিল্লা -০৫ (বুড়িচং-ব্রাহ্মণপাড়া)
০২. কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
০৩. পরিচালক, (সামাজিক নিরাপত্তা অধিশাখা) সমাজসেবা অধিদপ্তর, আগারগাও, ঢাকা।
০৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।
০৫. জেলা প্রশাসক, কুমিল্লা।
০৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা।
০৭. প্রশাসক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
০৮. সহকারী কমিশনার (ভূমি), ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
০৯. অফিসার ইন চার্জ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।জ
১০. জনাব........................................................................ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
১১. জনাব........................................................................ফ্যামিলি কার্ড শুমারির বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
১২. চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
১৩. জনাব..........................................................................
১৪. সভাপতি/সাধারণ সম্পাদক…………………… প্রেস ক্লাব, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা । [প্রচারের অনুরোধ সহ]
১৫. নোটিশ বোর্ড/অফিস কপি।

21.07.2026

(মো: বিল্লাল চৌধুরী)
উপজেলা সমাজসেবা অফিসার (অ.দা)
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, ব্রাহ্মণপাড়া,
কুমিল্লা
ইমেইল: usso.brahmanpara@dss.gov.bd

CamScanner